কুষ্টিয়ায় নবীন বরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় নবীন বরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান-২০২৬ জাঁকজমকপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং কুষ্টিয়া হাজী আবুল হোসেন ইনস্টিটিউট অব টেকনোলজির আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মো. রহুল আমিন।

কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধ্যক্ষ মো. শাহজাহান আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া হাজী আবুল হোসেন ইনস্টিটিউট অব টেকনোলজির অধ্যক্ষ বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মো. শফিকুর রহমান, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ডিন প্রফেসর মো. আখতার হোসেন, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন বিভাগীয় প্রধান খন্দকার আনোয়ারুল হক এবং চিফ ইনস্ট্রাক্টর মো. জাহাঙ্গীর আলম।

অনুষ্ঠানে কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ভাইস প্রিন্সিপাল মো. রাশেদুল হাসান সার্বিক দায়িত্ব পালন করেন এবং বিভাগীয় প্রধান মনোরুবা রহমানের সঞ্চালনায় সহযোগিতা করেন শামজ্জুমান সজীব, সোহেলী আক্তার, তাম্মী নেওয়াজ, অপু সেন, রুমি খাতুন, আফসানা হাবিব, এনামুল হক, জাহিদুজ্জামানসহ আরও অনেকে।

অনুষ্ঠানে বক্তারা শিক্ষার্থীদের মনোযোগী হয়ে পড়াশোনা করার পাশাপাশি নৈতিকতা ও মানবিক মূল্যবোধ অর্জনের ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, জীবনের প্রতিটি নতুন অধ্যায় নতুন সম্ভাবনা নিয়ে আসে। এই শিক্ষা প্রতিষ্ঠানে আসার মূল লক্ষ্য শুধু ভালো ফলাফল অর্জন নয়; বরং একজন দায়িত্বশীল, নৈতিক ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে ওঠাও গুরুত্বপূর্ণ।

বক্তারা আরও বলেন, প্রথম লক্ষ্য হওয়া উচিত জ্ঞান অর্জন, দ্বিতীয়

লক্ষ্য সৃজনশীল চিন্তা এবং তৃতীয় লক্ষ্য মানবিক মূল্যবোধে উজ্জীবিত হওয়া। বর্তমান যুগে প্রযুক্তিনির্ভর শিক্ষার বিকল্প নেই দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীদের দেশের উন্নয়নে ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বরণ, বিদায়ী শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং কৃতি শিক্ষার্থীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি প্রাণবন্ত পরিবেশে সম্পন্ন হয় এবং এতে শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি অনুষ্ঠানকে আরও প্রাণবন্ত করে তোলে।

মেহেরপুর সরকারি কলেজে নবীন বরণ ও সাংস্কৃতিক উৎসব

রঙিন সাজ, আনন্দ উল্লাস আর মধুর আবহে অনুষ্ঠিত হলো ঐতিহ্যবাহী মেহেরপুর সরকারি কলেজের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

নবীণবরন উপলক্ষে আজ বৃহস্পতিবার কলেজ ক্যাম্পাসজুড়ে সকাল থেকেই ছিল উৎসবের আমেজ-রঙিন ব্যানার, ফুলের মালা। এসময় নবীন-প্রবীণের উপস্থিতিতে মুখরিত হয়ে ওঠে পুরো পরিবেশ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, প্রধান উপদেষ্টার একান্ত সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন-‘নতুন পথচলা শুধু বইয়ের জ্ঞান নয়, মানুষের মতো মানুষ হয়ে ওঠারও পথ দেখায় কলেজ জীবন। স্বপ্ন বড় হবে, পথ চলা হোক আলোকিত।’

কলেজের অধ্যক্ষ এ কে এম নজরুল কবীরের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষক পরিষদের সম্পাদক খেজমত আলী মালিথা।

অতিথিরা বলেন, তারা নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে শিক্ষার মানোন্নয়ন, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে বড় হয়ে ওঠার আহ্বান জানান। এছাড়া কো-কারিকোলাম অ্যাক্টিভিটিস, সামাজিক কার্যক্রমসহ মানবিক মূল্যবোধ সৃষ্টির মধ্য দিয়ে কলেজকে বিশ্বের বুকে তুলে ধরার পাশাপাশি একটি মানবিক সমাজ গঠন করার আহ্বান জানান।

নবীনদের পক্ষ থেকে বক্তব্য দেন একাদশ শ্রেণির মানবিক বিভাগের ছাত্র বিধান শেখ এবং দ্বাদশ শ্রেণির ছাত্র উলফাতুন নেছা পূর্ণিমা।

অনুষ্ঠানের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্ত ছিল ফুল ছিটিয়ে নবীনদের বরণ করে নেওয়া। প্রবীণ শিক্ষার্থীরা হাতে রঙিন পাপড়ি ছিটিয়ে নবীনদের স্বাগত জানালে ক্যাম্পাসজুড়ে তৈরি হয় উৎসবমুখর এক আবহ।

পরে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আর নাট্য পরিবেশনায় মাতিয়ে রাখেন কলেজের শিক্ষার্থীরা।

দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠিত

‍‍‍‍‍‍‍“এসো তরুণ এসো নবীন তোমার হাতে সম্ভাবনার আগামী দিন” শ্লোগানকে সামনে রেখে দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় দর্শনা সরকারি কলেজের আয়োজনে নবীন বরণ উদযাপন কমিটির আহবায়ক লিহাজ উদ্দীনের সভাপতিত্বে ১ম বর্ষে ভর্তি ছাত্র/ছাত্রীদের হাতে লাল গোলাপ তুলে দিয়ে বরণ নেওয়া হয়।

নবীন বরণ অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরান থেকে তেলোয়াত করেন, হাবিবা খাতুন। অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসার মোঃ শফিকুল ইসলাম দুইজন ছাত্র ও ছাত্রীর হাতে লাল গোলাপ দিয়ে বরণ করে নেয়। এ সময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, তোমরা মাধ্যমিক শিক্ষার গন্ডি পেরিয়ে আজ মহা বিদ্যালয়ে পদার্পণ করেছে। এখন থেকে লেখাপড়ার পাশাপশি নীতি নৈতিকা সাথে

আগামী ২টি বছর এ মহা বিদ্যালয় থেকে ভাল ফলাফল করে উচ্চ শিক্ষা লাভের জন্য বিশ্ব বিদ্যালয়ে যাবা। সেই ক্ষেত্রে আমাদের এ কলেজের সুনাম অখুন্ন রাখার পাশপাশি এখন থেকে শান্তি-শৃঙ্খলা বজায় রেখে লেখাপাড়ার প্রতি মনোযোগি হতে হবে। এছাড়া খেলাধুলা ও সাংস্কৃতিক অঙ্গনকে উচ্চ পর্যায় পৌঁছে দেওয়ার দায়িত্ব নিয়ে সামনের দিনে আলোর পথে চলতে হবে এটাই আমাদের প্রত্যশা।

প্রধান অতিথি নবীনদের বরণ করার সাথে সাথে রোভার, বিএনসিসির সদস্যরা মঞ্চের সামনে বসা ১ম বর্ষে ভর্তি ছাত্র/ছাত্রীদের হাতে লাল গোলাপ তুলে দিয়ে বরণ করে নেয়। এরপর নবীনদের উদ্যেশ্যে বক্তব্য রাখেন, বিশেষ অতিথি দর্শনা সরকারি কলেজের সহকারী অধ্যাপক মফিজুল আলম ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আশরাফুল আলম। নবীন ছাত্র/ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন, সাহিদুল ইসলাম ও সুমি খাতুন। ছাত্র নেতাদের পক্ষে বক্তব্য রাখেন, বিএনপি ছাত্রদলের মোরশেদ লিংকন, জাকির হোসেন, পলাশ আহম্মেদ, আসিব হাসান, মুসফিকুর রহমান (সাইফ)সাইফুর রহমান অনিক ও অমিন। ছাত্র শিবিরের পক্ষে ফজলুর রহমান, শহিদ আহম্মেদ খান, হামজা ফারাজী ও সাব্বির হোসেন।

এসময় ছাত্র নেতারা দর্শনা সরকারি কলেজে একটি মসজিদ, ছাত্র/ছাত্রীদের জন্য একটি ক্যান্টিন ও ছাত্র/ছাত্রী শিক্ষকদের জন্য পৃথক পৃথক হোষ্টেল নিমার্ন করার দাবী জানান। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, জাকির হুসাইন ও মুকুল হোসেন।

আলমডাঙ্গা সরকারি কলেজে একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের নবীন বরণ

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর মানবিক শাখার শিক্ষার্থীদের নবীন বরণ ও ওরিয়েন্টেশন ক্লাসের আয়োজন করা হয়। গতকাল সকাল ১০ টায় আলমডাঙ্গা সরকারি কলেজ মিলনায়তনে নবীন বরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সরকারি কলেজের

অধ্যক্ষ প্রফেসর ড. মো: মফিজুর রহমান। শিক্ষক পরিষদের সহ:সম্পাদক ড. মো: মহবুব আলম। সঞ্চালনায় বক্তব্য রাখেন, সহকারি অধ্যাপক মোঃ আব্দুল মোনয়েম, খন্দকার ইকবাল হাসান, রাহাত আরা, মোঃ সাইদুর রহমান, মোঃ মহিতুর রহমান।

এছাড়াও বক্তব্য দেন, প্রভাষক জেসমিন আরা খানম, মোঃ শরিয়ত উল্লাহ, মোঃ মনিরুজ্জামান, মোঃ বাছের আলী, মোঃ তাপস রশীদ, মোঃ মাকসুদুর রহমান, মোঃ আনোয়ারুজ্জামান, মোঃ আব্দুল হাই মোঃ আব্দুল মালেক, ছাত্রদলের সরকারি কলেজ শাখার আহবায়ক শাওন, বাংলাদেশ ইসলামি ছাত্র শিবির আলমডাঙ্গা সরকারি কলেজ শাখার সভাপতি মোঃ সাইফুল ইসলাম, অপর অনুষ্ঠানে বাংলাদেশ ছাত্রপক্ষের পক্ষ থেকে শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনটির প্রতিনিধি মোঃ সাদী হাসান। এসময় তিনি বলেন, “শিক্ষা সাম্য ও অধিকারভিত্তিক ছাত্রসংগঠন বাংলাদেশ ছাত্রপক্ষের পক্ষ থেকে নবাগত শিক্ষার্থীদের অধিকার আদায়ের লড়াইয়ে ছাত্রপক্ষ সবসময় সাধারণ শিক্ষার্থীদের সাথে নিয়ে কাজ করে যাবে।

এ-সময় তিনি শিক্ষার্থীদের রাজনৈতিক সচেতন হওয়ার আহ্বান জানিয়ে আরও বলেন আপনারা রাজনীতি করুন বা না করুন রাজনৈতিকভাবে সচেতন হয়ে গড়ে উঠবেন এই প্রত্যাশা করি। এখানে ছাত্রদল, শিবির, বাগছাসসহ অন্যান্য ছাত্রসংগঠনও রয়েছে। আপনারা আপনাদের পছন্দের দলের সাথে কাজ করুন এবং নেতৃত্বের গুণাবলী অর্জন করুন। সকলে মিলে আমরা আলমডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থীদের কল্যাণে একসাথে কাজ করে যাব ইনশাআল্লাহ।”

এ-সময় আরও উপস্থিত ছিলেন, বাংলাদেশ ছাত্রপক্ষের কেন্দ্রীয় সংসদের সহ-সম্পাদক রাকিব মাহমুদসহ কলেজ নেত্রীবৃন্দ।

ঝিনাইদহ আব্দুর রউফ ডিগ্রি কলেজে নবীন বরণ

ঝিনাইদহ সদর উপজেলার আব্দুর রউফ ডিগ্রি কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বরণ ও উদ্বোধনী ক্লাস

অনুষ্ঠিত হয়েছে।

সোমাবার সকাল ১১টায় কলেজের মিলনায়তনে এই নবীন বরণ ও উদ্বোধনী ক্লাস অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ জেএম রবিউল ইসলামের সভাপতিত্বে নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কলেজের গভনিং বড়ির সভাপতি, কেসি কলেজের সাবেক ভিপি সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. কামাল আজাদ পান্নু। এছাড়া বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, ঝিনাইদহ উন্নয়ন সংগ্রাম সমন্বয় কমিটির চেয়ারম্যান জামায়াত নেতা ইঞ্জিনিয়ার কামরুল ইসলাম, সাধুহাটী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. শরিফুল ইসলাম, ইউনিয়ন জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি ডা. মখলেছুর রহমান বকুল, ডাকবাংলা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আব্দুর রহমান কামাল, কলেজের সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, এবিএম আমিরুজ্জামান রবি, ঝিনাইদহ সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোজাম্মেল হক মোজাম, উপজেলার ছাত্রদলের আহ্বায়ক মামুনুর রহমান প্রমূখ। অনুষ্ঠানের শুরুতে নবীন শিক্ষার্থীদের গোলাপ ফুলদিয়ে বরণ করে নেওয়া হয়। সেসময় নবাগতদের পক্ষ থেকে স্বাগত বক্তব্য দেন দ্বাদশ শ্রেণির এনাম আহম্মেদ, জান্নাতুল ফেরদৌস মায়া এবং একাদশ শ্রেণির নওরিন সুলতানা অধরা ও সোনালী আক্তার ঝর্ণা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কলেজের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক শাহানুর আলম, অর্থনীতি বিভাগের শিক্ষক জাহাঙ্গীর আনাম।

প্রধান অতিথি নবাগত সকল শিক্ষার্থীদের উদ্দ্যেশে বলেন, তোমরা এই কলেজে ভর্তি হয়েছ উচ্চ মাধ্যমিক পাশ করে উচ্চ শিক্ষার দ্বার উম্মোচিত করার জন্য। এখানে ভাল না করলে তোমরা ভাল কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে না। এজন্য এই সময়কে কাজে লাগিয়ে লক্ষ্যঠিক রেখে শিক্ষকদের পরামর্শ নিয়ে এগিয়ে যেতে হবে। তোমরা ভাল করলে কলেজের সুনাম বৃদ্ধি পাবে। তিনি আরও বলেণ কলেজের সকল উন্নয়ন, সুবিধা অসুবিধা আমরা দেখবো, তোমরা শুধু তোমাদের লেখাপড়াটা ঠিকমত করবে। লেখাপড়া আর আগেরমত নেই, শতভাগ পাশ নেই এখন সবাইকে লেখাপড়া করে পাশ করতে হবে। এজন্য অবহেলা করার কোন সুযোগ নেই। তিনি নকাগতদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান

ঝিনাইদহের শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে নবীন বরণ অনুষ্ঠান

ঝিনাইদহের শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ অনুষ্ঠিত হয়েছে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। আজ রোববার সকালে সদর উপজেলার মধুপুরে অবস্থিত প্রতিষ্ঠানটিতে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

কলেজ অধ্যক্ষ প্রকৌশলী ফিরোজ খন্দকার’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল। সেসময় উপস্থিত ছিলেন পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন, জেলা শ্রমিক লীগের সভাপতি আক্কাচ আলী, কালীচরণপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলমসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২০২৩-২৪ শিক্ষাবের্ষর শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়। পরে শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

হরিণাকুণ্ডু সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজে নবীন বরণ অনুষ্ঠান

ঝিনাইদহের হরিণাকুণ্ডু সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ছাত্রীদের নবীন বরণ, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (৯মার্চ) দুপুরে কলেজ মাঠে এই নবীন বরণ , ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণ করা হয়। সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোক্তার আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন, হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জিয়াউর রহমান, ৬নং ফলসী ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. বজলুর রহমান, ৪নং দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, ৭নং রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান বসির উদ্দীন, কলেজ পরিচালনা পরিষদের সদস্য বদিউল আলম, আসমত আলীসহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। নবীন বরণ শেষে বিভিন্ন প্রতিযোগীতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলেদেন প্রধান অতিথি নাসের শাহরিয়ার জাহেদী মহুল এমপি।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ, বিদায়,পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) সকালে রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুল চত্বরে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে পরিচালক মোঃ রাশেদ খাঁনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মহা: আব্দুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন। এছাড়াও স্কুলের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

এসময় স্কুলের নতুন শিক্ষার্থীদের মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে নবীন বরণ অনুষ্ঠিত

এসো নতুন করি বরণ, তোমাদের আগমনে ধন্য হোক এ ভুবন এ শ্লোগানকে ধারণ করে মেহেরপুর সরকারি মহিলা কলেজ এ নবীন বরণ ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১২ ডিসেম্বর) বেলা সাড়ে এগারটার দিকে কলেজ চত্ত্বরে মেহেরপুর সরকারি মহিলা কলেজের আয়োজনে নবীন শিক্ষার্থীদের ফুল ও মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়।

কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মুজিবনগর সরকারী কলেজের প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর মোঃ আশরাফুল ইসলাম,কথাসাহিত্যিক রফিকুর রশীদ,প্রাক্তন সহকারী অধ্যাপক ড. গাজী রহমান, জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হিরা প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে কলেজের পক্ষ থেকে আমন্ত্রিত অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

দ্বিতীয় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহে আব্দুর রউফ কলেজে নবীন বরণ ও উদ্বোধনী ক্লাস অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার আব্দুর রউফ ডিগ্রি কলেজে নবীন বরণ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর উদ্বোধনী ক্লাস অনুষ্ঠিত হয়েছে।

আজ (৮ অক্টোবর) রবিবার সকালে কলেজের শেখ কামাল অডিটরিয়ামে এই উদ্বোধনী ক্লাস অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ জে.এম. রবিউল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক খুরশীদ মোহাম্মদ সালেহ, জিন্নাত জেসমিন, ইসরাইল হোসেন, মোদাচ্ছের আলী, মোঃ শাহানুর আলম প্রমূখ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন অর্থনীতি বিভাগের প্রভাষক মোঃ জাহাঙ্গীর আনাম। অনুষ্ঠানের শুরুতে ২০২৩-২০২৪ শিক্ষা বর্ষের একাদশ শ্রেণীর নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

উদ্বোধনী ক্লাসে বক্তারা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এবং স্বনির্ভর জাতি গঠনের জন্য সময়োপযোগী ভূমিকা রাখার জন্য ছাত্রদেরকে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

বক্তারা আরও বলেন আজকের ছাত্ররা আগামী দিনের দেশ পরিচালনার নেতৃত্ব দেবে এজন্য তোমাদের সময় উপযোগী প্রযুক্তি নির্ভর মানবিক জ্ঞান অর্জণ করতে হবে। আগামী দিনে তোমাদের হাত ধরেই বাংলাদেশ উন্নত ও কল্যাণ রাষ্ট্রে উপনিত হবে আর তোমরা হয়ে উঠবে এক একজন স্মার্ট নাগরিক।